.. UCC. 37

তারিখ ... 17 APR. 1996 ..
পৃষ্ঠা ১ কলাম ৩ ...

দৈনিক বাংলা

### সংঘর্ষে ২৫ জন আহত

# কৃষি ভার্সিটিতে ভাংচুর অগ্নিসংযোগ ঃ পুলিশ বিডিআর মোতায়েন

**স্টাফ রিপোর্টার ঃ** ময়মনসিংহ, ১৬ এপ্রিল।— বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ে মঙ্গলবার সকালে গত সোমবারের ঘটনার জের ধরে বিশ্ববিদ্যালয়ের টিএসসির সামনে পুলিশ ও ছাত্রদের মধ্যে সংঘর্ষে কমপক্ষে ২৫ জন আহত হয়েছে। এর মধ্যে ৩ জনকে ময়মনসিংহ মেডিক্যাল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়েছে। এ সময় বিক্ষুব্ধ ছাত্ররা ৬টি অনুষদ ভবন, প্রক্টর ও ছাত্র বিষয়ক উপদেষ্টার অফিস ব্যাপক ভাংচুর ও আসবাবপত্রে অগ্নিসংযোগ ও শিক্ষকদের বাস ভবনে ভাংচুর করে।

এদিকে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ কৃষি বিশ্ববিদ্যালয় চত্বরে আজ থেকে সকল প্রকার ছাত্র সভা, সমাবেশ, মিছিল, পিকেটিং, মাইকিং নিষিদ্ধ ঘোষণা করেছে। গতকাল ও আজকের ভাংচুর ও উদ্ভূত পরিস্থিতি নিয়ে ভিসি ডঃ শাহ মোহাম্মদ ফারুকের সভাপতিত্বে আজ বিকালে অনুষ্ঠিত উচ্চ পর্যায়ের এক বৈঠকে এ সিদ্ধান্ত নেয়া হয়। কর্তৃপক্ষ ক্যাম্পাসে শান্তি-শৃংখলা রক্ষার দায়িত্ব আইন প্রয়োগকারী সংস্থার ওপর ন্যস্ত করে এবং দোষী ব্যক্তিদের শাস্তি প্রদানে শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী, স্থানীয় প্রশাসনের সহযোগিতা কামনা করে।

প্রত্যক্ষদর্শীরা জানায়, গতকাল সোমবার ছাত্ররা পূর্ব নির্ধারিত পরীক্ষা দিতে না পেরে ভিসির ভবন ও প্রশাসনিক ভবনে ব্যাংক ভাংচুর, অগ্নিসংযোগ করে। এ ঘটনার প্রতিবাদে শিক্ষক সমিতি আজ কর্ম বিরতি পালন করে। ছাত্ররা সকালে ক্লাসে উপস্থিত হয়।

(৫-এর পৃঃ দ্রঃ)

## কৃষি ভার্সিটিতে ভাংচুর

(প্রথম পৃষ্ঠার পর)

কিন্তু কোন শিক্ষক ক্লাসে উপস্থিত না হওয়ায় ছাত্রছাত্রীরা বিভিন্ন অনুষদ থেকে মিছিল করে সমবেত হয়ে সকাল ৯টার দিকে পর্যায়ক্রমে বিভিন্ন অনুষদ ভবন, টিএসসি, প্রক্টর ও ছাত্র বিষয় উপদেষ্টা, কার্যালয়ে হামলা চালায় এবং অগ্নিসংযোগ করে। বিক্ষুব্ধ ছাত্ররা ১৫ জন শিক্ষকের ভবনে হামলা চালায় এবং ভাংচুর করে।

এছাড়া জিটিআইএর একটি মাইক্রোবাসে অগ্নিসংযোগ করে ও ডঃ আনোয়ারুল ইসলামের একটি বাড়ি ভাংচুর করে। সকাল ৯-৩০ সময় টিএসসির সামনে ছাত্রদের সঙ্গে পুলিশের সংঘর্ষ ও ধাওয়া পাল্টা ধাওয়া হয়। ছাত্রদের হামলা প্রতিরোধে পুলিশ ৮ রাউন্ড রাবার বুলেট ও টিয়ারগ্যাস ছোড়ে। সংঘর্ষে আহত মেডিক্যাল কলেজ হাসপাতালে ভর্তি ৩ জন হচ্ছেন, হেলালউদ্দীন, বিশ্ববিদ্যালয় সংসদের প্রতিনিধি সুদীপ্ত দাস ও আসাদুজ্জামান।

বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ এক প্রেস বিজ্ঞপ্তিতে জানান, শান্তি-শৃংখলা রক্ষায় ক্যাম্পাসে বিডিআর, পুলিশ মোতায়েন করা হয়েছে।